**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ নং-০৭/মূসক/২০২৬, তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।**

**বিষয়: মোবাইল অপারেটরের বিলের (Direct Operators Billing-DOB) মাধ্যমে সরাসরি পেমেন্টের বা মূল্য পরিশোধের ক্ষেত্রে মূসক ও সম্পূরক শুল্ক আদায়, জমাদান এবং সমন্বয় পদ্ধতি।**

জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর অধীনে প্রণীত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে, ডিরেক্ট অপারেটর বিলিং (DOB) সেবার ক্ষেত্রে প্রাপ্ত পণের বিপরীতে মূসক ও সম্পূরক শুল্ক আদায় সংক্রান্ত নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

**১। শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই আদেশ মোবাইল অপারেটরের বিলের (Direct Operators Billing) মাধ্যমে সরাসরি অন্য কোন ব্যক্তির পেমেন্টের বা মূল্য পরিশোধের ক্ষেত্রে মূসক আদায়, জমাদান, উৎসে কর কর্তন এবং সমন্বয় পদ্ধতি, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই আদেশ ১৭ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আদেশে-

(ক) "মোবাইল অপারেটর" বলিতে এমন নিবন্ধিত সেবা প্রদানকারীকে বুঝাইবে যিনি বা যাহারা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর অধীনে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে টেলিযোগাযোগ সেবা প্রদানের লক্ষ্যে যথাযথ লাইসেন্স প্রাপ্ত হইয়াছেন; এবং

(খ) "মোবাইল অপারেটর পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান" অর্থ যাহারা গ্রাহকের নিকট হইতে সেবামূল্য এবং প্রযোজ্য মূসক আদায় করিয়া সেবার সহিত জড়িত সকল সহযোগী অংশীদারদের মধ্যে চুক্তি মোতাবেক আয়ের বিভাজনে দায়িত্ব প্রাপ্ত হয়।

**৩। প্রযোজ্যতা।-** এই আদেশ মোবাইল অপারেটরের মাধ্যমে সেবা সরবরাহের জন্য প্রযোজ্য হইবে। মোবাইল অপারেটরের বিলের (Direct Operators Billing) সেবায় সহযোগী অংশীদারগণ হইবে নিম্নরূপ, যথা:-

(ক) মোবাইল অপারেটর;

(খ) সেবাপ্রদানকারী দেশী ও বিদেশী প্রতিষ্ঠান যাহারা বাংলাদেশের ভেতরে অর্থনৈতিক কার্যক্রমের মাধ্যমে সেবা পরিচালনা করছে;

(গ) সংশ্লিষ্ট সেবা প্রদানকারীর মূসক এজেন্ট;

(ঘ) বাণিজ্যিক ব্যাংকসমূহ;

(ঙ) বিদেশী সেবা প্রদানকারীর পক্ষে নিয়োজিত সেবামূল্য আদায়কারী (যদি থাকে)।

৪। **বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ।-** মোবাইল অপারেটরগণ টেলিকম পরিষেবার পাশাপাশি বাংলাদেশের ডিজিটাল কমিউনিকেশন সেবা দিয়ে যাচ্ছে। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩৮ এর বিধান প্রতিপালন করে মোবাইল টকটাইম (Airtime) ব্যবহার করিয়া গ্রাহকগণ অন্যকোন ব্যক্তির নন-টেলকো পরিষেবা গ্রহণ করিতে পারে, যাহা Direct operator Billing (DOB) সেবা হিসেবে পরিচিত। মোবাইল অপারেটর গ্রাহকসমূহ তাদের ব্যালেন্স হইতে বিভিন্ন পরিষেবা গ্রহণ করিতে পারে। এখানে Google Play store একটি উদাহরণ হিসেবে উল্লেখ করা যাইতে পারে, যেখানে গ্রাহকরা মোবাইল অপারেটরদের নিকট হইতে ক্রয়কৃত মোবাইল ব্যালেন্স ব্যবহার করিয়া Google Play store হইতে বিভিন্ন ধরনের নন-টেলিকম সেবা কিনতে পারেন। বর্তমানে এই ধরনের অনেক দেশি এবং বিদেশি পরিষেবা প্রদানকারীদের প্রতিষ্ঠান রহিয়াছে, যাহারা অনুরূপ সেবা প্রদান করিয়া থাকে। মোবাইল অপারেটরের গ্রাহকরা তাহাদের নিজেদের মোবাইল টক টাইম বা ব্যালেন্স ব্যবহার করিয়া নন-টেলকো পরিষেবা গ্রহণ করিতে পারে। এক্ষেত্রে মোবাইল অপারেটর সেবা প্রদানকারীগণ বিক্রেতার পক্ষে মূল্য বা পণ আদায়কারী এজেন্ট হিসাবে কাজ করিয়া থাকে। এখানে মোবাইল অপারেটররা মূল্য বা পণ আদায়কারী এজেন্ট হিসাবে ফি বা কমিশন আয় করিয়া থাকে। ক্রয়-বিক্রয় সম্পন্ন হইবার পর মোবাইল অপারেটররা তাহাদের কমিশন বা ফি'র অর্থ আপফ্রন্ট (Upfront) রাখিয়া অবশিষ্ট অর্থ Google বা অনুরূপ দেশি বা বিদেশি পরিষেবা প্রদানকারীদেরকে প্রদান করিতে হয়। Google মোবাইল অপারেটরদের নিকট হইতে অর্থ প্রাপ্ত হইয়া Application Developer দেরকে প্রাপ্য ফি প্রদান করিয়া থাকে।

৫। **সেবা মূল্য আদায় ও পরিশোধ পদ্ধতি।-** (ক) মোবাইল অপারেটরগণ অনাবাসিক সেবাদানকারীর পক্ষে সমুদয় সেবামূল্য ও মূসক আদায় করিবে। যেহেতু, সমুদয় সেবামূল্যের মধ্যে মোবাইল অপারেটরদের কমিশন বা আয়ের অংশ অন্তর্ভুক্ত, সেহেতু মোবাইল অপারেটরগণ সমুদয় মূসক নিম্নোক্ত দুই ভাগে ভাগ করিয়া সরকারি কোষাগারে জমাদান পূর্বক মূসক দাখিল পত্র (মূসক ৯.১) এ প্রদর্শন করিবেন:

**অনাবাসিক সেবাদানকারীর আয় ও মূসক জমাদান:**

১. অনাবাসিক সেবাদানকারীর সেবার বিপরীতে আয় মোবাইল অপারেটরের আয় নয় বিধায় অনাবাসিক সেবাদানকারীর প্রাপ্য আয়ের উপর প্রযোজ্য মূসক সরকারী কোষাগারে জমা প্রদানপূর্বক মোবাইল অপারেটরগণ মূসক দাখিলপত্র (মূসক ৯.১) এ বৃদ্ধিকারী সমন্বয় ও সংশ্লিষ্ট সাব-ফর্ম এ ট্রেজারি জমা হিসবে প্রদর্শন করিবে এবং সেবাদানকারীর অনুকূলে মূসক জমা প্রদানের প্রত্যয়নপত্র (**পরিশিষ্ট-১**) বা অনুরূপ প্রত্যয়নপত্র প্রদান করিবেন। সেবাদানকারী তার মূসক এজেন্ট এর মাধ্যমে মূসক দাখিল পত্র (মূসক ৯.১) এ প্রাপ্য আয় ও সংশ্লিষ্ট মূসক উৎপাদ কর (Output) হিসেবে প্রদেয় কলামে প্রদর্শন করিবে এবং মোবাইল অপারেটর কর্তৃক প্রাপ্ত প্রত্যয়নপত্র (**পরিশিষ্ট-১**) বা অনুরূপ প্রত্যয়নপত্র হ্রাসকারী সমন্বয় কলামে প্রদর্শন করিবে।

২. কমিশন বা ফি মোবাইল অপারেটরদের আয় হিসেবে গণ্য হইবে, যাহা সিম বা রিম সংক্রান্ত নয় বিধায় মোবাইল অপারেটরগণ মূসক দাখিলপত্রে (মূসক ৯.১) শুধুমাত্র সংশ্লিষ্ট মূসক উৎপাদ কর (Output) হিসেবে প্রদেয় কলামে প্রদর্শন করিবে ও যথাযথ ভাবে মূসক প্রদান করিবে।

(খ) সেবাদানকারী অনাবাসিক হইলেও বাংলাদেশে অর্থনৈতিক কার্যক্রমের মাধ্যমে সেবা সরবরাহ প্রদান করিয়া থাকে। অনাবাসিক সেবাপ্রদানকারী যাহাদের বাংলাদেশে মূসক নিবন্ধন ও মূসক এজেন্ট নেই তাহাদের ক্ষেত্রে, মূসক আদায় ও জমা প্রদানের জন্য অনাবাসিক সেবাদানকারীদের যাহাদের মূসক নিবন্ধন ও এজেন্ট রহিয়াছে, একই পদ্ধতি গ্রহণ করা হইবে। যেহেতু, উক্ত সেবাদানকারীর মূসক নিবন্ধন বা এজেন্ট নেই, তাহাদের ক্ষেত্রে মূসক প্রদানের প্রমাণ হিসেবে প্রত্যয়নপত্র জমা দেওয়ার প্রয়োজন নেই।

(গ) অনাবাসিক সেবাদানকারীকে তাদের প্রাপ্য আয় বিদেশে প্রেরণকালে মোবাইল অপারেটরগণ কর্তৃক অনাবাসিক সেবাদানকারীর পক্ষে মূসক জমা প্রদানের প্রমাণক/ প্রত্যয়নপত্র ব্যাংকে প্রদর্শন সাপেক্ষে ব্যাংক উৎসে মূসক কর্তন ব্যাতিরেকে বিদেশে অর্থ প্রেরণ করিবেন। এক্ষেত্রে ব্যাংক কর্তৃক পুনরায় উৎসে মূসক কর্তনের প্রযোজ্যতা থাকিবে না।

(ঘ) যেক্ষেত্রে দেশের বাহিরে সেবা প্রদানকারীগণ তাদের মনোনীত অনাবাসিক এজেন্টের মাধ্যমে বাংলাদেশ থেকে সেবামূল্য আদায় করিয়া থাকে, সেক্ষেত্রে সেবাদানকারীর সাথে সেবামূল্য আদায়কারী উক্ত এজেন্টের চুক্তি থাকিতে হইবে। মোবাইল অপারেটরগণ যেহেতু সেবা প্রদানকারীর এজেন্টকে সেবামূল্য প্রদান করিবে, সেই ক্ষেত্রে মোবাইল অপারেটরগণ কর্তৃক জারীকৃত সনদপত্র **(পরিশিষ্ট-১)**/মূসক জমার প্রমাণক ব্যাংকে উপস্থাপন করিলে বহির্গামী পরিশোধ কার্যকর করিবার ক্ষেত্রে ব্যাংক পুনরায় উৎসে মূসক কর্তন করিবে না।

(ঙ) দেশীয় সেবাদানকারীর ক্ষেত্রে মোবাইল অপারেটরগণ মূসকসহ সেবামূল্য আদায় করিবে এবং সেবাদানকারী প্রতিষ্ঠানকে মূসকসহ সর্বমোট আদায়কৃত অর্থ প্রদান করিবে। সেবাদানকারী প্রতিষ্ঠান হিসাবে সেবামূল্যের উপর প্রযোজ্য মূসক দাখিলপত্র (মূসক ৯.১) এর প্রযোজ্য কলামে প্রদেয় হিসাবে প্রদর্শন করিবে এবং সরকারি কোষাগারে জমা প্রদান করিবে। মোবাইল অপারেটরগণ তাদের প্রাপ্য কমিশন বা ফি তাদের আয় হিসেবে গণ্য হইবে, যাহা সিম বা রিম সংক্রান্ত নয় বিধায় মোবাইল অপারেটরগণ মূসক দাখিলপত্রে (মূসক ৯.১) শুধুমাত্র সংশ্লিষ্ট মূসক উৎপাদ কর (Output) হিসেবে প্রদেয় কলামে প্রদর্শন করিবে ও যথাযথভাবে মূসক প্রদান করিবে এবং মোবাইল অপারেটরগণ তাদের প্রাপ্য কমিশন/রেভিনিউ শেয়ারিং এর জন্য সেবাদানকারী বরাবর মূসক-৬.৩ ইস্যু করিবে, যদিও বেশিরভাগ ক্ষেত্রে অপারেটরগণ তাদের ফি বা কমিশন (Upfront) আদায় করিয়া থাকে।

৬। **হ্রাসকারী সমন্বয় ।**– মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩৮ এর উপ-ধারা (৫) এবং (৬) এর বিধান অনুযায়ী টেলিযোগাযোগ সরবরাহকারী যেহেতু আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ দ্রব্য সরবরাহ করেন এবং এই ধারার শর্তাবলী মোতাবেক প্রযোজ্য মূসক, সম্পূরক শুল্ক ও অন্যান্য শুল্ক-করাদি পরিশোধ করিয়া থাকেন, সেহেতু, DOB সেবার ক্ষেত্রে মূসক, সম্পূরক শুল্ক ও অন্যান্য শুল্ক-করাদি প্রয়োজনীয় হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারিবেন ।

**৭। রেকর্ডপত্র এবং হিসাব সংরক্ষণ।—** মোবাইল অপারেটর, সেবা প্রদানকারী ও সংশ্লিষ্ট মূসক এজেন্টকে আইনের ধারা ১০৭ মোতাবেক অর্থনৈতিক কার্যক্রমের হিসাবাদি, দলিলপত্র এবং অন্যান্য রেকর্ডপত্র ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।

**৮। জরিমানা ও দন্ড।-** এই আদেশের কোনো বিধান লঙ্ঘন করিবার ক্ষেত্রে নিবন্ধিত ডিরেক্ট অপারেটর বিলিং সেবা প্রদানকারীকে আইনের ধারা ৮৫ অনুযায়ী জরিমানা আরোপ করা যাইবে।

৯ । **হেফাজতকরণ।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩৮ এর সাথে সমন্বয়ের মাধমে এই আদেশ প্রতিপালিত হইবে।

**"পরিশিষ্ট-১"**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা**

**মোবাইল অপারেটরের বিলের মাধ্যমে পেমেন্ট (DOB) সেবার বিপরীতে মূসক ও অন্যান্য (যদি থাকে) পরিশোধের প্রত্যয়নপত্র**

সেবা প্রদানকারীর/সেবামূল্য আদায়কারী এজেন্টের নাম ও ঠিকানা:……………

………………………………………………………………………………………

মূসক ও অন্যান্য (যদি থাকে) আদায়কারীর নাম ও ঠিকানা: ……………………………

……………………………...……………………………

ব্যবসায়ী সনাক্তকরণ নম্বর (BIN): ………………………………………………………

ইস্যুর তারিখ: ……………………………………………………………………………

সার্টিফিকেট নম্বর: ………………………………………………………………………

আমি, ……………………………………………………………………………, এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ অনুযায়ী নিম্নে উল্লিখিত সময়কাল এবং সীমার মধ্যে সেবামূল্য গ্রহণ এবং প্রযোজ্য মূসক সরকারি কোষাগারে জমা প্রদান করা হইয়াছে। বিস্তারিত নিম্নে উল্লেখ করা হইল:

| ক্রমিক নং | সেবামূল্য আদায়কারীর নাম, ঠিকানা ও বিন | যে কর মেয়াদে মূসক ও অন্যান্য (যদি থাকে) জমাকৃত | সর্বমোট সেবামূল্য | সেবার বিপরীতে আদায়কৃত মোট মূসক | | সেবাগ্রহীতা কর্তৃক প্রদত্ত সেবার মূল্য (মূসক ও অন্যান্য সহ) | জমাকৃত মূসক ও অন্যান্য পরিমাণ (অংকে) | ট্রেজারি চালান নং ও তারিখ এবং সংশ্লিষ্ট ব্যাংক ও শাখার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সেবামূল্য গ্রহণকারীর কমিশন বা রেভেনিউ শেয়ার উপর মূসক ও অন্যান্য (যদি থাকে) | সেবা প্রদানকারী মূসক ও অন্যান্য | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| | | | | | | | | | |

আমি ……………………………………………………, স্বজ্ঞানে ও যথাযথভাবে উপরিউক্ত তথ্যাদি প্রদান করিলাম।

**নাম:** ……………………….
**পদবী:** ……………………….
**স্বাক্ষর:** ……………………….

**প্রাপক:**
ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী
মেসার্স………………………………
পূর্ণ ঠিকানা ……………………….

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**( মোঃ আজিজুর রহমান )**
**সদস্য (মূসক নীতি)**